# Times Today BD

ডেস্ক রিপোর্ট | খুলনা | 10 April, 2025

জুলাই অভ্যুত্থানে রাজধানীর যাত্রাবাড়ীতে গুলিবিদ্ধ হয়ে নিহত আশিকুর রহমান হৃদয় (১৭) এর পরিবারকে আর্থিক সহায়তা দিয়েছে বিএনপি।

বৃহস্পতিবার (১০ এপ্রিল) বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশনায় বাউফল উপজেলা বিএনপি'র সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক হুমায়ুন কবিরের নেতৃত্বে একটি প্রতিনিধিদল শহীদ হৃদয়ের পরিবারকে নগদ এক লক্ষ টাকা আর্থিক সাহায্য পৌঁছে দেয়।

জুলাই অভ্যূত্থানে যাত্রাবাড়ী এলাকায় গুলিবিদ্ধ হয়ে দীর্ঘদিন যন্ত্রণা ভোগের পর গত শুক্রবার (৪ এপ্রিল) চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরন করেন আশিকুর রহমান হৃদয় (১৭)।

পরিবারের হাতে আর্থিক সহায়তা তুলে দেয়ার পর বাউফল উপজেলার সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ও পৌর বিএনপির সাবেক সভাপতি বলেন, শহীদ আশিকুর রহমান হৃদয় আমাদের প্রেরণা, আমাদের সাহস।তার আত্মত্যাগ ছাত্র সমাজকে আরও ঐক্যবদ্ধ করবে। বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি সব সময় তার পরিবারের পাশে থাকবে—এটাই আমাদের অঙ্গীকার।

তিনি বলেন, জুলাই ফাউন্ডেশন আহত হৃদয়কে কোনো প্রকার আর্থিক সাহায্য প্রদান করেনি।জুলাই আগস্ট আন্দোলনে আহত চিকিৎসা এবং শহীদদের আর্থিক সুবিধা প্রদান করতে জুলাই ফাউন্ডেশন গঠন করা হলেও ফাউন্ডেশনের হর্তাকর্তারা আহতদের পাশে না দাঁড়িয়ে নতুন রাজনৈতিক দল গঠনে মরিয়া।এ আন্দোলনের ফসল যে একটি গোষ্ঠী চুরি করেছে তা এখন দিন দিন প্রকাশিত হচ্ছে।

আশিকুর রহমান হৃদয় গত ১৮ জুলাই যাত্রাবাড়ীতে মিছিলে গেলে পুলিশের গুলিতে গুরুতর আহত হন।দীর্ঘদিন যন্ত্রণা ভোগের পর গত ৪ এপ্রিল শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি।পটুয়াখালী জেলার বাউফল উপজেলার পশ্চিম যৌথ গ্রামের রিকশা চালক আনসার হাওলাদার চার সন্তানের মধ্যে হৃদয় সবার ছোট।

হৃদয়ের কবর জিয়ারতের সময় আরও উপস্থিত ছিলেন বাউফল ইউনিয়ন বিএনপির সিনিয়র সহ-সভাপতি মালেক খান, বাউফল উপজেলা শ্রমিক দলের আহ্বায়ক হাসান মাহমুদ মঞ্জু, উপজেলা বিএনপির সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কামাল হোসেন ফিরোজসহ স্থানীয় নেতৃবৃন্দ এবং বাউফল উপজেলা ও পৌরসভার বিভিন্ন পর্যায়ের কয়েকশ নেতাকর্মী।

বিএনপি জুলাই অভ্যুত্থান,

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 13:26

URL: https://www.timestodaybd.com/public/khulna/598775807